গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
নার্সিং সেবা-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd

নং-৪৫.০০.০০০০.১৭২.১১.০৩৬.২১-৩০৭

তারিখঃ ১৬ কার্তিক ১৪২৮
০১ নভেম্বর ২০২১

**বিষয়: বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক সুপারিশকৃত ৮,১৪৪ জন সিনিয়র স্টাফ নার্স (১০ম গ্রেড) এর স্বাস্থ্য পরীক্ষার সনদ প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র: বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের স্মারক নং- ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১৭.০০১.২০২১-৪৩, তারিখ: ১১-১০-২০২১ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের "সিনিয়র স্টাফ নার্স" পদের নিয়োগের নিমিত্ত ৮,১৪৪ জন প্রার্থীকে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন (বিপিএসসি) কর্তৃক সুপারিশ প্রদান করা হয়েছে। বিপিএসসি কর্তৃক প্রদত্ত শর্ত এবং সেবা পরিদপ্তর (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৬ এর বিধি-৪ এর ৪ (ক) -তে উল্লিখিত শর্ত প্রতিপালনের লক্ষ্যে বর্ণিত প্রার্থীদের স্বাস্থ্য পরীক্ষার সনদ একান্ত প্রয়োজন।

এমতাবস্থায়, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক সুপারিশকৃত ৮,১৪৪ জন সিনিয়র স্টাফ নার্স (১০ম গ্রেড) এর তালিকা এতদসঙ্গে সংযুক্ত করতঃ তাঁদের নিজ জেলা অনুযায়ী জেলা সদর হাসপাতাল/মেডিকেল কলেজ হাসপাতালে (যদি থাকে) স্বাস্থ্য পরীক্ষা করে সনদ প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বিপিএসসি কর্তৃক সুপারিশকৃত ৮,১৪৪ জন প্রার্থীর
তালিকা (ক্রমিক নং, মেধাক্রম, রেজিস্ট্রেশন নং,
নিজ জেলা তথ্যসহ) ২৩৩ (দুইশত তেত্রিশ) পাতা।

০১/১১/২০২১

(মোঃ মেজবাউল হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৪৫৭৭৯
**E-mail:** nurs1@hsd.gov.bd

মহাপরিচালক
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ: পরিচালক (হাসপাতাল ও ক্লিনিকসমূহ)

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে:**

১. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, আইপিএইচ স্কুল রোড, মহাখালী, ঢাকা-১২১২।
২. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩. অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি), এর ব্যক্তিগত কর্মকর্তা স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪. যুগ্মসচিব (নার্সিং) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।